

সিরাজগঞ্জের প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় নানা সংকট

সিরাজগঞ্জ থেকে সংবাদদাতা ৷ সিরাজগঞ্জ জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় নানা সংকট দেখা দিয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহে প্রয়োজনীয় সংখ্যক অফিস কক্ষ ও আসবাবপত্র না থাকায় দৈনন্দিন কাজকর্মে নানা ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। সেই সাথে জেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় শ্রেণী কক্ষ ও আসবাবপত্র না থাকাতে প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। সিরাজগঞ্জ পৌর সভার অন্তর্গত সকল প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগের অভাবে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, জেলার ৯টি উপজেলায় ৮৮০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৬৮৬টি বে-সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৭৭টি স্যাটেলাইট প্রাথমিক বিদ্যালয়, ৩৫টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়, ৯টি উচ্চ বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়, ৯৮টি উচ্চ মাদ্রাসা সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়, ২২৭টি এবতেদায়ী মাদ্রাসা, ১১টি নন-রেজিষ্ট্রি প্রাথমিক বিদ্যালয়, পরীক্ষণ বিদ্যালয় ১টি, এন.জি.ও প্রাথমিক বিদ্যালয় ১টি, কিন্ডার গার্টেন ৩২টি, ২০৫৪টি প্রাথমিক বিদ্যালয়ে ৫ লক্ষ ১৬ হাজার পাঁচশ ছাত্র-ছাত্রী পড়াশোনা করছে। বর্তমানে জেলায় মোট সরকারী প্রাথমিক শিক্ষকের সংখ্যা ৪ হাজার ২৬৪।

প্রতি ৫০ জন ছাত্র-ছাত্রীর জন্য একজন শিক্ষক হিসেবে জেলায় ১০ হাজার ৩৩০ জন শিক্ষক থাকার কথা। ৬ হাজার ৩৬ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে। অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট প্রকট। মঞ্জুরীকৃত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদে ১৪১ জন শিক্ষকের পদ শূন্য। ১৪১ জন শিক্ষক নিয়োগের জন্য সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পরও তা স্থগিত রয়েছে।